দামুড়হুদায় দায়সারাভাবে জাতীয় সমাজসেবা দিবস পালন

দামুড়হুদায় দায়সারাভাবে জাতীয় সমাজ সেবা দিবস উদযাপন করা হয়েছে। এ উপলক্ষ্যে দায়সারাভাবে র্যালী ও আলোচনা সভা করা হয়েছে।

গতকাল শনিবার সকাল ১০ টায় দামুড়হুদা উপজেলা প্রশাসন, সমাজসেবা কার্যালয় ও সেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহের আয়োজনে উপজেলা পরিষদ চত্বরে চার কর্মকর্তা সহ গুটি কয়েকজনকে নিয়ে র্যালী শেষে উপজেলা পরিষদের সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। দামুড়হুদা উপজেলা সমাজসেবা কর্মকর্তা তোফাজ্জেল হকের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা মো উবায়দুর রহমান সাহেল। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা ডাঃ মশিউর রহমান, মৎস্য কর্মকর্তা বিল্লাল হোসেন।

ঘুষের টাকা বদহজম অফিস সহকারী সাদ্দামের !

ঘুষের টাকা গ্রহণ করে বদহজম হওয়ায় ফেরৎ দিয়েছেন মুজিবনগর উপজেলা সমাজ সেবা অফিসের অফিস সহকারী সাদ্দাম হোসেন। ঘটনাটি ঘটেছে আজ বুধবার মুজিবনগর সমাজসেবা অফিসে।

আসাদুল শেখ অভিযোগ করে জানান, মুজিবনগর উপজেলার ভবের পাড়া গ্রামের দৃষ্টি প্রতিবন্ধী আসাদুল শেখ প্রতিবন্ধী কার্ড করার উদ্দেশ্যে যান উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়ে। এখানে তার সাথে কথা হয় অফিস সহকারী সাদ্দাম হোসেনের । সবকিছু দেখে শুনে সাদ্দাম হোসেন আসাদুল শেখকে বলেন আপনি প্রতিবন্ধী ভাতা পাওয়ার উপযুক্ত। কিন্তু শর্ত দেন ভাতা পেলে তাকে ৫০শতাংশ দিতে হবে। অসহায় হিসেবে সেই শর্তে রাজি হয়ে তিনি ফিরে যান বাড়িতে। বিষয়টি অবগত করেন জাতীয় নাগরিক পার্টির যুগ্ম সমন্বয়কারী আরিফ খানকে।

সবশেষ গত ৩০ মে তারিখে ১০ হাজার ২৭১ টাকা মোবাইল ব্যাংকিং পান আসাদুল শেখ। টাকা পাওয়ার পর থেকে সাদ্দাম হোসেন আসাদুল শেখকে বারবার ফোন দেন তার ৫০ পার্সেন্ট টাকা বুঝে নেওয়ার জন্য। আজ বুধবার দুপুরে দাবিকৃত ঘুষের ৫০% টাকা বুঝিয়ে দিতে যান আসাদুল শেখ । চারটি এক হাজার টাকার মোট চার হাজার টাকা দিয়ে অফিস সহায়ককে তার ঘুষের টাকা বুঝিয়ে দেন।

পরবর্তীতে সাথে সাথেই বিষয়টি নিয়ে অভিযোগ করেন উপজেলা সমাজসেবা কর্মকর্তা মাহমুদুল হাসান এর কাছে। মাহমুদুল হাসানের কঠোর পদক্ষেপে অভিযোগ স্বীকার করে পকেটে থাকা চার হাজার টাকা বের করে দিতে বাধ্য হন সাদ্দাম হোসেন।

এ বিষয়ে জাতীয় নাগরিক পার্টির আরিফ খান বলেন, সমাজ সেবা অফিসের অফিস সহকারী সাদ্দাম হোসেনের বিরুদ্ধে আরো অনেক অভিযোগ রয়েছে এরকম ঘুষের টাকা দাবি করার। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে দাবি জানান বিষয়টি সুষ্ঠু তদন্তের।

ঘুষের অভিযোগের বিষয়ে অফিস সহকারী সাদ্দাম হোসেনের সাথে মুঠোফোনে বার বার যোগাযোগ করা হলেও পাওয়া যায়নি। পরে তিনি ফোন করে জানান, ভুল-ত্রুটি হয়ে গেছে ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখতে। তবে ঘুষ গ্রহণের অডিও কথোপকথন রয়েছে মেহেরপুর প্রতিদিনের হাতে।

মুজিবনগর উপজেলা সমাজসেবা কর্মকর্তা মাহমুদুল হাসান বলেন, বিষয়টি উপজেলা নির্বাহী কর্মকর্তাকে অবগত করবেন তার বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণের জন্য।

প্রসঙ্গত, অভিযুক্ত অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক সাদ্দাম হোসেন উপজেলা সমাজসেবা অফিসে চাকরি করছেন ২৩ আগস্ট ২০২৩ সাল থেকে।

মেহেরপুরে সমাজসেবার সহকারি পরিচালকের বদলীর দাবিতে মানববন্ধন

মেহেরপুর সমাজসেবার সহকারি পরিচালক কাজী কাদের মোঃ ফজলে রাব্বির বদলীর দাবিতে মানববন্ধন ও বিক্ষোভ করেছে সাধারণ ছাত্র জনতা।

সোমবার (১৩ই জানুয়ারি) সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এই মানববন্ধন ও বিক্ষোভ অনুষ্ঠিত হয়। এসময় বক্তব্য রাখেন তাহসিন রাব্বি, মাহাফুজুর রহমান সুইম, হাফিজুর হক প্রমুখ।

বক্তারা বলেন, আওয়ামী লীগের দোসর ফজলে রাব্বি নানা অনিয়ম দুর্নীতিতে জড়িত। জেলা সমাজসেবাকে সে দুর্নীতির আতুরঘর বানিয়েছে। ইতোপূর্বে বিভিন্ন গণমাধ্যম তার বিরুদ্ধে একাধিক সংবাদ প্রকাশিত হয়েছে। তার বিরুদ্ধে বিগত ও বতর্মান জেলা প্রশাসকের কাছে অভিযোগ দেওয়া হয়েছে। তারপরও তার বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া হয়নি। এই দুর্নীতিবাজকে মেহেরপুর থেকে দ্রুত বদলী করা না হলে আগামীতে কঠোর কর্মসূচি পালন করা হবে।

মুজিবনগরে জাতীয় সমাজসেবা দিবস উদযাপন

“নেই পাশে কেউ যার, সমাজসেবা আছে তার” এই প্রতিপাদ্যে মুজিবনগরে বর্ণাঢ্য র্যালি ও ওয়াকাথনের মধ্য দিয়ে জাতীয় সমাজসেবা দিবস উদযাপিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে মুজিবনগর উপজেলা সমাজসেবা অফিসার মাহমুদুল হাসানের সভাপতিত্বে উপজেলা অডিটোরিয়ামে এক আলোচনা সভা এবং ওয়াকাথন অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা

নির্বাহী অফিসার পলাশ মণ্ডল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী প্রকৌশলী খালিদ হাসান এবং মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স।

মুজিবনগর উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন জাহিদের সঞ্চালনায় এসময় সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান এবং অন্যান্য কর্মকর্তা ও সমাজসেবা অফিসের উপকারভোগীরাও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

এর আগে উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডলের নেতৃত্বে উপজেলা পরিষদ প্রাঙ্গণ থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়, যা পুরো এলাকায় উৎসবমুখর পরিবেশ সৃষ্টি করে।

মেহেরপুরে জাতীয় সমাজসেবা দিবস উদযাপন

জাতীয় সমাজসেবা দিবস উপলক্ষে মেহেরপুরে বর্ণাঢ্য র্যালি ও মুক্ত আলোচনার আয়োজন করা হয়েছে।

বৃহস্পতিবার (২ জানুয়ারি) সকাল ১০টায় মেহেরপুর কলেজ মোড় থেকে র্যালিটি শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয়ে এসে শেষ হয়। এবারের দিবসটির প্রতিপাদ্য ছিল “নেই পাশে কেউ যার, সমাজসেবা আছে তার”।

র্যালি শেষে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে “কল্যাণ রাষ্ট্র গঠনে সমাজসেবার ভূমিকা ও নতুন প্রজন্মের প্রত্যাশা” শীর্ষক মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের আয়োজন করেন মেহেরপুর জেলা প্রশাসন ও সমাজসেবা কার্যালয়।

সভায় সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা সমাজসেবার উপপরিচালক আশাদুল ইসলাম। প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক সিফাত মেহনাজ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার মাকসুদা আক্তার খানম, সিভিল সার্জন ডা. মহী উদ্দিন আহম্মেদ, অতিরিক্ত জেলা

প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম, মেহেরপুর সদর উপজেলা স্বাস্থ্য পরিবার ও পরিকল্পনা কর্মকর্তা ডা. আঞ্জুমান আরা।

এছাড়াও এসময় সমাজসেবা অফিসার কাজী মোহাম্মদ আবুল মনসুর,ইসলামিক ফাউন্ডেশনের উপপরিচালক এ জে এম সিরাজুম মূনীর, জেলা তথ্য অফিসার আব্দুল আল মামুন, মেহেরপুর জেলা প্রতিবন্ধী অফিসার তুলসী কুমার পাল, বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অবসরপ্রাপ্ত) আব্দুল মালেক, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন মেহেরপুর জেলার আহ্বায়ক ইমতিয়াজ আহমেদ, সদস্য সচিব মো. মুজাহিদুল ইসলাম উপস্থিত ছিলেন।

মেহেরপুরে রোগীদের মাঝে সমাজসেবার চেক বিতরণ

মেহেরপুরে ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস স্ট্রোক সহ বিভিন্ন রোগে আক্রান্ত ৩৪ জন রোগীর মাঝে ১৭ লক্ষ টাকার চেক বিতরণ করা হয়েছে।

আজ শনিবার (১৫ জুন) দুপুরের দিকে মেহেরপুর জেলা সমাজসেবা অধিদপ্তরের উদ্যোগে আর্থিক সহায়তা কর্মসূচির আওতায় এই চেক বিতরণ করা হয়।

জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপি তার নিজ বাসভবনে এই চেক বিতরণ করেন।

মেহেরপুর সদর উপজেলায় ১৪ জনের মাঝে ৭ লক্ষ টাকা, গাংনী উপজেলায় ১০ জনের মধ্যে ৫ লক্ষ টাকা ও মুজিবনগর উপজেলা ১০ জনের মধ্যে ৫ লক্ষ টাকার চেক তুলে দেওয়া হয়।

চেক বিতরণ অনুষ্ঠানে মেহেরপুর জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ পরিচালক কাজী কাদের মোঃ ফজলে রাব্বি, মেহেরপুর শহর সমাজসেবা পরিষদের সাবেক সভাপতি আমিনুল ইসলাম খোকন, জেলা রেজিস্ট্রেশন কর্মকর্তা আবুল মনসুর প্রমুখ উপস্থিত ছিলেন।

কুষ্টিয়া শহর সমাজসেবা সমন্বয় পরিষদের মতবিনিময় সভা অনুষ্ঠিত

কাউকে পেছনে ফেলে উন্নয়ন সম্ভব নয় বলে জানিয়েছেন সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক ড. আবু সালেহ মোস্তফা কামাল। তিনি বলেন, কাউকে পেছনে ফেলে এগিয়ে যাওয়া সম্ভব নয়। বৈষম্যহীন সমাজ গঠনে প্রত্যেক মানুষের অবদান দরকার। আর প্রতিবন্ধীরা এখনো নানা সমস্যায় জর্জরিত। তাই ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সমাজ গঠনে প্রতিবন্ধীসহ পিছিয়ে পড়া জনগোষ্ঠীর উন্নয়ন ঘটাতে হবে। এ ক্ষেত্রে প্রথমে আত্মোন্নয়ন ঘটাতে হবে।

রবিবার সকালে শহর সমাজসেবা কার্যালয় চত্বরে কুষ্টিয়া শহর সমাজসেবা কার্যালয়াধীন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক পরিচালিত বিভিন্ন ট্রেডে সফলভাবে প্রশিক্ষণ সম্পন্নকারীদের মাঝে সনদপত্র বিতরণ ও সমন্বয় পরিষদ সদস্যদের সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি বলেন,‘বঙ্গবন্ধু খেটে খাওয়া সাধারণ শ্রমজীবী মানুষের কথা ভাবতেন। তিনি সমাজসেবায় সুদমুক্ত ঋণপ্রথা চালু করেছিলেন গরিব মানুষের কথা ভেবেই।

‘১৯৭৪ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রথম দেশের সাধারণ মানুষের জন্য সুদমুক্ত ক্ষুদ্রঋণ দেওয়ার ব্যবস্থা করেছিলেন। তিনি দেশের মানুষকে নিজের জীবনের চাইতেও বেশি ভালোবাসতেন।’

তবে তাই হোক, আমি তোমাদেরই লোক এমন বাক্য উচ্চারণ করে তিনি বলেন, আমি গ্রেটার কুষ্টিয়ার মানুষ। তাই দায়বদ্ধতা থেকে আমি এই কুষ্টিয়া শহর সমাজসেবাকে আরও এগিয়ে নিতে যা করনীয় আমার চেষ্টা অব্যাহত থাকবে। কুষ্টিয়ার ঐতিহ্যকে আরও সামনের দিকে এগিয়ে নিতে হবে এবং স্মার্ট বাংলাদেশ হিসেবে আমাদের গড়ে তুলতে সকলকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে বলেও জানান তিনি।

শহর সমাজসেবা কার্যালয় সমন্বয় পরিষদের সভাপতি জি. এম গোলাম মোস্তফার সভাপতিত্বে ও জেলা সমাজসেবা কার্যালয়ের সহকারী পরিচালক

মোহাম্মদ মুরাদ হোসেনের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজসেবা অধিদপ্তর খুলনা বিভাগীয় অতিরিক্ত পরিচালক আবদুর রহমান,জেলা আওয়ামীলীগে সভাপতি ও জেলা পরিষদের সভাপতি আলহাজ্ব সদর উদ্দিন খান, জেলা সমাজসেবা অধিদপ্তরের উপপরিচালক আবদুল কাদের, শহর সমাজসেবা অফিসার মো: জহির উদ্দিন, শহর সমাজসেবা কার্যালয় সমন্বয় পরিষদের সহসভাপতি আশরাফ উদ্দিন নজু, নির্বাহী কমিটির সদস্য তাইজাল আলী খান, জিপি এ্যাড. আসম আক্তারুজ্জামান মাসুম, ডা: আসমা জাহান লিজা, কাউন্সিলর সাইফুল হক চৌধুরী মুরাদ প্রমুখ।

অনুষ্ঠান শেষে শহর সমাজসেবা কার্যালয় চত্বরে কুষ্টিয়া শহর সমাজসেবা কার্যালয়াধীন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক পরিচালিত বিভিন্ন ট্রেডে সফলভাবে প্রশিক্ষণ সম্পন্নকারীদের মাঝে সনদপত্র বিতরণ ও ৬৬ জন সমাজের প্রান্তিকজনগোষ্ঠী ও তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠী ও দলিত হরিজন ও অনগ্রসর জনগোষ্ঠীর মাঝে বিনাসুদে ২৪ লাখ টাকার ঋণ বিতরণ করেন অতিথিবৃন্দ।

কুষ্টিয়ায় হাসপাতাল সমাজসেবা কার্যক্রম পরিদর্শন করলেন সমাজসেবার উপ-পরিচালক

কুষ্টিয়া জেনারেল হাসপাতাল সমাজসেবা কার্যক্রম (রোগীকল্যাণ সমিতির) পরিদর্শন করেছেন কুষ্টিয়া জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক আব্দুল কাদের। দুপুরে তিনি এ কার্যক্রম পরিদর্শণ করেন।

এসময় কুষ্টিয়া জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক আব্দুল কাদেরকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান হাসপাতাল সমাজসেবা অফিসার মো: মাহমুল হাসিব।

এসময় অন্যান্য কর্মকর্তা-কর্মচারীও উপস্থিত ছিলেন।

এসময় তিনি হাসপাতাল সমাজসেবার কার্যক্রম পরিদর্শনে সন্তোষ প্রকাশ করে কুষ্টিয়া জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক আব্দুল